# রাজশাহী সিটি কর্পোরেশন
# রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ৩০ জুন ২০২৫ |
| সময় | ঃ | বিকেল ৪:৩০ ঘটিকা |
| স্থান | ঃ | সিটি হল সভাকক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি মহোদয় স্থানীয় সরকার কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ৬ষ্ঠ সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান।পবিত্র কোরআন হতে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনাশেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি- ১ ঃ গত ২৪ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।**

**আলোচনা** ঃ গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে কোনরুপ সংশোধনীনা থাকায়৫ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি- ২ ঃ রাজশাহী কেন্দ্রীয় উদ্যান জামে মসজিদ নির্মাণে প্রাক্কলিত ব্যয় ১.৫০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নির্বাহ সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, রাজশাহী কেন্দ্রীয় উদ্যানের অভ্যন্তরে ছোট আকারে একটি জীর্ণশীর্ণ টিনসেড ওয়াক্তিয়া মসজিদ রয়েছে। এখানে শুক্রবার, শনিবার ও সরকারী বন্ধের দিনগুলোতে প্রচুর দর্শনার্থীর সমাগম ঘটে। টিনসেড মসজিদটি পর্যটক, দর্শনার্থী ও অতিথিদের ওয়াক্তিয়া এবং জুম্মার নামাজ আদায়ে ধারণ ক্ষমতার অপ্রতুল। এটির পরিবর্তে মসজিদটির পশ্চিমে ৩৩০০ বর্গফুট (আনুমানিক) ফাঁকা জায়গায় একটি দৃষ্টিনন্দন মসজিদ তৈরীর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এটির স্থাপত্য নকশা সম্পন্ন করা হয়েছে। উন্মুক্ত দরপত্র আহবান করে এটি বাস্তবায়ন করা হবে। মাননীয় বিভাগীয় কমিশনার ও প্রশাসক রাজশাহী সিটি কর্পোরেশন জেলা প্রশাসকসহ রাজশাহী বিভাগীয় এবং জেলা পর্যায়েরউচ্চ পদস্থ কর্মকর্তাগণ সরেজমিন পরিদর্শন করেছেন এবং সে অনুযায়ী মসজিদের লে-আউট প্ল্যান প্রদর্শিত হয়েছে। মসজিদটি দোতলা ভিত্তি দিয়ে একতলা পর্যন্ত সমাপ্ত করতে সম্ভাব্য ব্যয় ১.৫০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এবং মসজিদটি নির্মাণে আনুমানিক ছয় মাস সময় লাগতে পারে। নির্মিতব্য মসজিদটিতে একসাথে প্রায় তিনশতাধিক মুসল্লির নামাজ আদায়ের সুযোগ সৃষ্টি হবে।

**সিদ্ধান্ত** ঃ রাজশাহী কেন্দ্রীয় উদ্যানের অভ্যন্তরে টিনসেড ওয়াক্তিয়া মসজিদের পরিবর্তে পশ্চিম অংশে ফাঁকা জায়গায় সম্ভাব্য ৩৩০০ বর্গফুট এলাকা জুড়ে স্থাপত্য নকশা অনুযায়ী ১.৫০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয়ে বাস্তবায়নের সুপারিশ এবং আগামী ১০ মহরম ১৪৪৭ হিজরী ০৬ জুলাই ২০২৫ তারিখে মসজিদটির ভিত্তিপ্রস্থর স্থাপনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে** ঃ বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট)।

**আলোচ্যসূচি-৩ ঃ টি গ্রোয়েন এবং আই বাঁধের পাবলিক প্লেসে রেস্ট রুম/ পাবলিক টয়লেট নির্মাণে প্রাক্কলিত ব্যয় ৭০,০০,০০০.০০ (সত্তর লক্ষ) টাকা ব্যয় নির্বাহ সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, টি গ্রোয়েন এবং আই বাঁধ নদীরধারে হওয়ায় শুক্রবার, শনিবারসহ সরকারী বন্ধের দিনগুলোতে প্রচুর দর্শনার্থী, পর্যটক এবং অতিথিদের সমাগম ঘটে। এ সকল পর্যটকদের রিফ্রেসমেন্টের উদ্দেশ্যে স্থানদুটিতে নারী-পুরুষ উভয়ের ব্যবহারের জন্য পাবলিক ডিম্যান্ড রয়েছে। এ দুটি টয়লেট নির্মাণে সম্ভাব্য ৭০,০০,০০০.০০(সত্তর লক্ষ) টাকা ব্যয় হতে পারে।

**সিদ্ধান্ত ঃ**আলোচ্য পর্যটন স্থানটির ভূমির মালিকানা পানি উন্নয়ন বোর্ডের হওয়ায় পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

**আলোচ্যসূচি-৪ ঃ রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক শিক্ষা বৃত্তি চালু করণ সম্পর্কেআলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক শিক্ষা বৃত্তি চালু করা প্রয়োজন। এ খাতে ৫.০০ (পাঁচ কোটি) টাকার ফিক্সড ডিপোজিট হিসেবে বরাদ্দ রাখা এবং ফিক্সড ডিপোজিটের লভ্যাংশ থেকে শিক্ষাথীর্দের মাঝে শিক্ষা বৃত্তি প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক শিক্ষা বৃত্তি চালু করার উদ্দেশ্যে ৫.০০ (পাঁচ কোটি) টাকার ফিক্সড ডিপোজিট হিসেবে বরাদ্দ রাখা এবং ফিক্সড ডিপোজিটের লভ্যাংশ হতে শিক্ষাথীর্দের মাঝে শিক্ষা বৃত্তি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।পরবর্তীতে প্রণীত নিয়মাবলীর আলোকে আলোচ্য শিক্ষা বৃত্তি কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

**আলোচ্যসূচি ঃ ৫। বোয়ালিয়া ক্লাবের সম্মুখভাগে ফাঁকা জায়গায় জেলা প্রশাসক রাজশাহী হতে প্রাপ্ত চাহিদায় রাজশাহী ইনডোর স্টেডিয়ামের প্রাক্কলিত ব্যয় ১,০০,০০,০০০.০০ (এক কোটি) টাকা সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করনে যে, বোয়ালিয়া ক্লাবের সম্মুখভাগে ফাঁকা জায়গায় ইনডোর স্টেডিয়াম নির্মাণের জন্য জেলা প্রশাসন হতে একটি চাহিদাপত্র পাওয়া গিয়াছে। এটি বাস্তবায়িত হলে রাজশাহীর তরুন, যুবক এবং ক্রীড়া মোদি খেলোয়াড়দের নতুন একটি অঙ্গন সৃষ্টি হতে পারে। এটির স্থাপত্য নকশার কাজ চলমান রয়েছে। এটি বাস্তবায়নে সম্ভাব্য ১.০০ (এক কোটি) টাকা ব্যয় হতে পারে। বিশেষ বরাদ্দ/প্রকল্প/থোক বরাদ্দ হতে এ ব্যয় নির্বাহ করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** বোয়ালিয়া ক্লাবের সম্মুখভাগে ফাঁকা জায়গায় ইনডোর স্টেডিয়াম নির্মাণে সম্ভাব্য ১.০০ (এক কোটি) টাকা ব্যয় নির্বাহের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে ঃ** বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট)।

**আলোচ্যসূচি ঃ ৬। প্রকৌশল বিভাগের আওতাধীন রাজস্ব ও উন্নয়ন বাজেটে আগামী ২০২৫-২০২৬ অর্থবছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্ত ঃ আগামী ২০২৫-২০২৬ অর্থবছরে প্রকৌশল বিভাগের কেনাকেটা বাস্তবায়নে ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) টাকা উপস্থাপিত বার্ষিক ক্রয় পরিকল্পা ক্রয় পরিকল্পনা অনুমোদন সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি ঃ ৭। বিশেষ বরাদ্দ গৃহীত স্কীম সমূহ অনুমোদন সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনের অনুকূলে স্থানীয় সরকার বিভাগ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে ১৫.০০ (পনের কোটি) টাকা বিশেষ বরাদ্দ পাওয়া গেছে। স্থানীয় সরকার বিভাগের গত ২৭ মে ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২০-২৫২ নং স্মারক মাধ্যমে বিশেষবরাদ্দের বিপরীতে নিম্নোক্ত স্কীমসমূহ প্রস্তাব করা হয়েছে।

| ক্রমিক | কাজের বিবরণ | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| | **ধর্মীয় প্রতিষ্ঠান** | | |
| ০১ | রাজশাহী কেন্দ্রীয় উদ্যান জামে মসজিদ নির্মাণ কাজ | ১৫০০০০০০.০০ | |
| | **পর্যটন** | | |

| ক্রমিক | কাজের বিবরণ | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০২ | টি গ্রোয়েন এবং আই বাঁধে পাবলিক প্লেসে রেস্ট রুম/ টয়লেট নির্মাণ কাজ | ৭০০০০০০.০০ | |
| | **ক্রীড়া ও সংস্কৃতি** | | |
| ০৩ | বোয়ালিয়া ক্লাবের সম্মুখভাগে ফাঁকা জায়গায় রাজশাহী ইনডোর স্টেডিয়াম নির্মাণ কাজ | ১০০০০০০০.০০ | |
| | **রাস্তা ও ড্রেন** | | |
| ০৪ | রাজশাহী মহানগরীর বিভিন্ন প্রধান সড়কের ফুটপাত নির্মাণ। | ৫০০০০০০.০০ | |
| ০৫ | রাজশাহী মহানগরীর ৩০টি ওয়ার্ডে বিভিন্ন গুরুত্বপুর্ণ সড়কের পটহোল মেরামত ও সড়ক মার্কিং, ড্রেনের টপ স্লাব ও পকেট স্ল্যাব নির্মাণ, স্পিড ব্রেকার নির্মান, জেব্রা ক্রসিং নির্মাণ। | ৫০০০০০০.০০ | |
| | **সিটি হাসপাতাল** | | |
| ০৬ | Supply & installation of ECG Machine, Cell Counter, Sakar Machine, Biocamest Analyzer, Double Doom OT Light. | ১৫২০০০০.০০ | |
| | **কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন ও চিড়িয়াখানা** | | |
| ০৭ | কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন ও চিড়িয়াখানা জেনারেটর ক্রয়, রিসোর্ট মেরামত ও সংস্কার কাজ | ৩০০০০০০.০০ | |
| ০৮ | কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন ও চিড়িয়াখানার (প্রশাসনিক ভবন ও অরণ্য রিসোর্ট সংস্কার ও মেরামত কাজ) | ৭৫০০০০০.০০ | |
| ০৯ | পার্কের বিভিন্ন রাইডস সংস্কার মেরামত, পশু পাখি ক্রয়, ময়ুর ক্রয় এবং খাচা মেরামত ও সংস্কার | ২০০০০০০০.০০ | |
| | **বৈদ্যুতিক সরঞ্জামাদি** | | |
| ১০ | আলোকায়নে মহানগরীর বিভিন্ন সড়কের চুরি যাওয়া আন্ডারগ্রাউন্ড বৈদ্যুতিক ক্যাবল সরবরাহ ও স্থাপন এবং দুটি মোড়ে পোলের গোড়া বাঁধানো কাজ। | ২০০০০০০.০০ | |
| ১১ | রাজশাহী মেট্রো পলিটন পুলিশ কর্তৃপক্ষের চাহিদা বিবেচনায় মহানগরীর নাগরিকগণের নিরাপত্তার স্বার্থে গুরুত্বপূর্ণ স্থান/মোড়ে সিসি ক্যামেরা সরবরাহ ও স্থাপন। | ৫০০০০০০.০০ | |
| ১২ | নগর ভবনের দাপ্তরিক কাজের স্বার্থে ০৭টি ফটোকপি মেশিন, ০২টি ডিএসএলআর ক্যামেরা, ০১টি ড্রোন ও ০১টি ফ্রিজ (১০ সিফটি) ক্রয়। | ২৫০০০০০.০০ | |
| | **সবুজায়ন/পরিবেশ** | | |
| ১৩ | Green Plaza Greenery Work. | ১৫০০০০০.০০ | |
| | **আলোকায়ন** | | |
| ১৪ | মহানগরীর ০১-৩০ নং ওয়ার্ডের সড়ক, শাখা সড়ক, নিজস্ব স্থাপনা ও গোরস্থান আলোকায়নের জন্য ৭৫০০টি ২০ ওয়াট এলইডি লাইট সরবরাহ কাজ। | ৩০০০০০০.০০ | |
| | **নগর ভবন/নিজস্ব স্থাপনা** | | |
| ১৫ | Nagor Bhaban Councilor Room Renovation Work | ২৫০০০০০.০০ | |
| ১৬ | Nagor Bhaban Outside & Inside Paint Work | ২০০০০০০.০০ | |
| ১৭ | Repairing for 1st Floor to 10th Floor Nagor Vobon door & Window, Thai Partion Work. | ৫০০০০০০.০০ | |
| ১৮ | Nagor Bhaban 1st floor to 9th floor New Toilet & Toilet | ৫০০০০০০.০০ | |

| ক্রমিক | কাজের বিবরণ | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| | Renovation Work | | |
| ১৯ | Supplying Furniture for Nagor Bhaban. | ৯০০০০০০.০০ | |
| ২০ | Nagor Bhaban Anex Building Room New partition, Sliding & swing door and Vernice Work | ৬২০০০০০.০০ | |
| ২১ | এনেক্স হল নগর ভবন সভাকক্ষ, সরিৎ দত্ত গুপ্ত সভাকক্ষ, মেয়র/প্রশাসক মহোদয়ের মিনি কনফারেন্স রুমের সাউন্ড সিস্টেম, মনিটরিং স্ক্রীন, ওয়ারিং, নগর ভবনের ১০ম তলায় ট্রাইএ্যাংগেল সাইনবোর্ড, পিএবিএক্স সিস্টেম চালুকরণ ও আনুষাঙ্গিক মেরামত কাজ। | ৮০০০০০০.০০ | |
| ২২ | নগর ভবনে ৭ম তলায় প্রশিক্ষণ ভবন মেরামত আধুনিকায়ন ও কম্পিউটার যন্ত্রপাতিক্রয় | ৫২৮০০০০.০০ | |
| ২৩ | রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব স্থাপনা নগর ভবন, কেন্দ্রীয় উদ্যান, শালবাগান গ্যারেজ, সিটি হাসপাতাল এবং এ্যাসফল্ট প্ল্যান্টে সিসি ক্যামেরা সরবরাহ ও স্থাপন। | ২০০০০০০.০০ | |
| | **পরিচ্ছন্নতা** | | |
| ২৪ | মশক ডেঙ্গু নিধনে কীটনাশক ক্রয় | ১৭০০০০০০.০০ | |
| | **সর্বমোট টাকা =** | ১৫০০০০০০০.০০ | |

**সিদ্ধান্তঃ** প্রস্তাবিত স্কীমগুলি পিপিআর-২০০৮ এর গাইড লাইন অনুসরণে যাচাই বাছাই সাপেক্ষে সংশ্লিষ্ট বিশেষ বরাদ্দ হতে ২৪ (চব্বিশ) টি স্কীমের বিপরিতে মোট ১৫.০০ (পনের কোটি) টাকা ব্যয়ের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে বাস্তবায়নের সর্বসমম্মত্ব সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে** ঃসংশ্লিষ্ট বিভাগীয় প্রধান (সচিব, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তা), রাজশাহী সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি ঃ ৮। **দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদের (শ্রমিক) মুজুরী বৃদ্ধি এবং দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদের কর্মকালীন মৃত্যুবরনে এককালীন অনুদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনা** ঃ সভাপতির অনুমতিক্রমে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনে কর্মরত দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীদের ৩১৩ (তিনশত তের) জন ২০২৫-২০২৬ অর্থবছরে মুজরী বৃদ্ধির জন্য প্রশাসক রাজশাহী সিটি কর্পোরেশন বরাবর আবেদন করেন। তাদের আবেদনের প্রেক্ষিতে বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

তাছাড়া তিনি সভাকে আরো অবহিত করেনযে, ইতিপূর্বের সাধারন সভার সিদ্ধান্ত অনুযায়ী রাজশাহী সিটি কর্পোরেশনের দৈনিক মজুরীভিত্তিক কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে এককালীন অনুদান হিসেবে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা প্রদান করা হয়ে থাকে যা অপ্রতুল। বর্তমান প্রেক্ষাপটে কর্পোরেশনের দৈনিক মজুরীভিত্তিক কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে এককালীন অনুদান হিসেবে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকায় উন্নীত করণের প্রস্তাব দেন। এ ক্ষেত্রে ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) টাকার পৃথক একটি ব্যাংক হিসাব খুলে মুনাফার অংশ এককালীন অনুদান হিসেবে পরিশোধের বিষয়ে প্রস্তাব রাখেন।বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ কমিটি গঠনের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**(ক) কমিটির রূপরেখা :**

(১) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী। -- আহবায়ক

(২) উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী ও দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলর ওয়ার্ড নং-২৬ -- সদস্য

(৩) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী

ও দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলর, ওয়ার্ড নং-০১ ও ০৪ -- সদস্য

(৪) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী
ও দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৫ ও ২৮ -- সদস্য

(৫) বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা,রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী -- সদস্য সচিব

সিদ্ধান্ত ঃ (১) গঠিত কমিটি কর্পোরেশনের দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদের মজুরী বৃদ্ধির বিষয়ে এবং দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীদের কর্মকালীন মত্যুবরণে এককালীন অনুদান কর্পোরেশনের আয়-ব্যয় পর্যালোচনাসহ সার্বিক দিক বিবেচনা করে প্রয়োজনীয় প্রতিবেদন দাখিল করলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আলোচ্যসূচি ঃ ৯। কোরবানির বর্জ্য অপসারণে নিয়োজিত কঞ্জারভেন্সী, পরিবহন ও প্রশাসনিক শাখার কর্মচারীদের (অনুদান) প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**আলোচনা** ঃ সভাপতির অনুমতিক্রমে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভায় বলেন পবিত্র ঈদ-উল-আযহায় কোরবানির বর্জ্য অপসারণে নিয়োজিত কঞ্জারভেন্সী বিভাগের ১৩০৫ (এক হাজার তিনশত পাঁচ) জন, পরিবহন শাখার ১৮ (আঠারো) জন, প্রশাসনিক শাখার ৪৮ (আটচল্লিশ) জন, বিদ্যুৎ শাখার ০১ (এক) জন, জনস্বাস্থ্য বিভাগের ০১ (এক) জন, পরিবেশ শাখার ০৮ (আট) জন, ম্যাজিস্ট্রেসি শাখার ১০ (দশ) জন সর্বমোট ১৩৯১ (এক হাজার তিনশত একানব্বই) জন কর্মচারী নিয়োজিত ছিলেন। তারা অতিদ্রুত ২৪ ঘন্টার মধ্যে কোরবানির বর্জ্য অপসারণের বিষয়ে দৃষ্টান্ত স্থাপনপূর্বক নগরবাসী প্রশংসা অর্জন করেছেন। সভায় তাদেরকে ১০০০ (এক হাজার) টাকা করে প্রদানের বিষয়ে আলোচনা অন্তে সকলে একমত পোষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ১৩৯১ জনকে ১৩,৯১,০০০.০০(তের লক্ষ একানব্বই হাজার) টাকা বাজেট বরাদ্দপূর্বক পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে ঃ** বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট)।

**১০। বিবিধ।**

**আলোচ্যসুচি ঃ আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট-২য় পর্যায় সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**

আলোচনা (১০.ক) ঃ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে জানান যে, রাজশাহী সিটি কর্পোরেশন প্রাথমিক স্বাস্থ্যসেবা বিগত ১৯৯৮ সাল থেকে পাবলিক প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে চালু আছে। বর্তমানে ড্যাম ও নারী মৈত্রী কর্তৃক আরবান প্রাইমারী হেলথকেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট -২ চালু ছিলো। স্থানীয় সরকার বিভাগ নগর উন্নয়ন-১ শাখার গত ২২/০৬/২০২৫ তারিখে স্মারক নং ৪৬.০০. ০০০০.১০৬.৯৯.০০১.২৪.১৪৮ মাধ্যমে জানানো হয়েছে যে, উক্ত প্রকল্পটির স্বাস্থ্যসেবা কার্যক্রম ৩০ জুন. ২০২৫ সমাপ্ত হবে। মহানগরীর ১২টি প্রাথমিক স্বাস্থ্যসেবা অবকাঠামো রয়েছে। স্থানীয় সরকার বিভাগ নগর উন্নয়ন-১ শাখার গত ২২/০৬/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০. ১০৬.৯৯.০০১.২৪.১৫০ নম্বর স্মারকের মাধ্যমে জানানো হয়েছে যে, পরিচালিত ৫টি পার্টনারশীপ এরিয়ায় মডেল-১ অনুযায়ী সিটি কর্পোরেশন অথবা পৌরসভার নিজস্ব ব্যবস্থাপনায় স্বাস্থ্য সেবা পরিচালনা, মডেল-২ সিটি কর্পোরেশন অথবা পৌরসভা, এনজিও আউটসোর্সিং এর মাধ্যমে স্বাস্থ্য সেবা পরিচালনা করা এবং মডেল-৩ অনুযায়ী সিটি কর্পোরেশন অথবা পৌরসভার বিদ্যমান স্বাস্থ্যসেবা প্রদাণকারী এনজিও গুলোর সাথে সমঝোতা স্মারকের মাধ্যমে (যদি বিদ্যমান এনজিও স্বাস্থ্যসেবা প্রদানে সম্মত হয়) স্বাস্থ্যসেবা অব্যাহত রাখা যেতে পারে। এক্ষেত্রে সিটি কর্পোরেশন অথবা পৌরসভার নিজস্ব সক্ষমতা এবং স্বাস্থ্য কেন্দ্রের আয়ের ওপর নির্ভর করে বিদ্যমান জনবল ব্যবস্থাপনা করা যেতে পারে। অতঃপরসভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় মডেল ৩ অনুযায়ী বিদ্যমান এনজিও দ্বারা চলমান স্বাস্থ্যসেবা প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্তঃ মডেল ৩ অনুযায়ী বিদ্যমান সেবা প্রদাণকারী এনজিও দুটি স্বাস্থ্যসেবা প্রদাণ করার আগ্রহ প্রকাশ করায় রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় চলমান স্বাস্থ্যসেবা প্রদাণের বিষয়ে সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে** বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট)।

**আলোচ্যসুচি ঃ রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ব্যানার ও ফেস্টুন দ্রত অপসারনে সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**

আলোচনা (১০.খ) ঃ সভাপতির অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (নেসকো) রাজশাহী সভাকে অবহিত করেন যে, মহানগরীতে বর্তমানে বিনানুমতিতে ব্যানার, ফেস্টুনসহ বিভিন্ন ধরনের পোস্টার টাঙ্গানোর প্রেক্ষিতে নগরীর সৌন্দর্য্য নষ্ট হচ্ছে। ব্যানার ফেষ্টুন অপসাণের বিষয়ে রাজাশাহী সিটি কর্পোরেশন কর্তৃক উক্ত বিষয়ে প্রয়োজনীয় উদ্যাগ নেয়ার অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের ব্যানার ফেস্টুন দ্রত অপসারণের বিষয়ে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা প্রয়োজনীয় অপসারণ কার্যক্রম গ্রহণ করবেন এবং প্রয়োজনে কর্পোরেশনে দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেটের আইনি সহায়তা প্রদান করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নের বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট)।

**আলোচ্যসুচি ঃ রাজশাহী সি্টি কর্পোরেশন কর্তৃক নিয়ন্ত্রিত “সিটি হাট” নামীয় প্রত্যহিক গবাদি পশুর হাট বাজার উন্নয়ন সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।**

আলোচনা (১০.গ) ঃ সভাপতির অনুমতিক্রমে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমানে সিটি হাট টির উন্নয়ন সংস্কার না করায় হাটে আগত গরুর ক্রেতা বিক্রেতার অসুবিধা হচ্ছে। হাটটির উন্নয়ন করা জরুরী প্রয়োজন। আলোচনায় প্রকাশ পায় যে, হাট-বাজার নীতিমালা অনুযায়ী প্রাপ্ত দরের ৪৫% অর্থ হাট-বাজার উন্নয়নের জন্য ব্যয় করা যাবে। সেক্ষেত্রে সিটি হাটসহ অন্যান্য হাট বাজারের প্রয়োজনীয় সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ হাট-বাজার নীতিমালা অনুযায়ী প্রাপ্ত দরের ৪৫% অর্থ সিটি হাটসহ অন্যান্য হাট-বাজার উন্নয়নের জন্য ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে ঃ** বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট)।

আর কোন আলোচনা না থাকায় সকলের অংশগ্রহণ ও সহোযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপনকরে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

খোন্দকার আজিম আহমেদ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী বিভাগ রাজশাহী
ও
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

তারিখঃ আষাঢ় ১৪৩২ / জুলাই ২০২৫

স্মারক নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৪। পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৬। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপারেশন), রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/ প্রাথমিক শিক্ষা, রাজশাহী।

৯। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী।

১০। বিভাগীয় প্রধান ......................................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।

১১। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল), রাজশাহী।

১২। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন।

১৩। বিভাগীয় কমিশনার এঁর একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী (বিভাগীয় কমিশনার ও প্রশাসক রজাশাহী সিটি কর্পোরেশন এর সদয় অবগতির জন্য)।

১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন।

১৫। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী।

১৬। সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী।

১৭। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী।

১৮। ...................................................................... রাজশাহী সিটি কর্পোরেশন।

১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০। সচিবের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (সচিবের অবগতির জন্য) ।

২১। অফিস নথি।

মোঃ রেজাউল করিম<br>
প্রধান নির্বাহী কর্মকর্তা<br>
রাজশাহী সিটি কর্পোরেশন।